

🗏 আল-মাঊন | Al-Ma'un | ٱلْمَاعُون

আয়াতঃ ১০৭: ৩

💵 আরবি মূল আয়াত:

وَ لَا يَحُضُ على طَعَامِ المِسكِينِ ١٤ ﴿ ٣ ﴾

আর মিসকীনকে খাদ্যদানে উৎসাহ দেয় না। — আল-বায়ান

এবং মিসকীনকে অন্ন দিতে উৎসাহ দেয় না — তাইসিকল

এবং সে অভাবগ্রস্তকে খাদ্য দানে উৎসাহ প্রদান করেনা, — মুজিবুর রহমান

And does not encourage the feeding of the poor. — Sahih International

৩. আর সে উদ্বুদ্ধ করে না(১) মিসকীনদের খাদ্য দানে।

(১) يَحْضُ بُهُ শব্দের মানে হচ্ছে, সে নিজেকে উদ্ধৃদ্ধ করে না, নিজের পরিবারের লোকদেরকেও মিসকিনের খাবার দিতে উদ্ধৃদ্ধ করে না এবং অন্যদেরকেও এ ব্যাপারে উৎসাহিত করে না যে, সমাজে যেসব গরীব ও অভাবী লোক অনাহারে মারা যাচ্ছে তাদের হক আদায় করো এবং তাদের ক্ষুধা নিবৃত্তির জন্য কিছু করো। কারণ তারা কৃপণ এবং আখেরাতে অবিশ্বাসী। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

৩। এবং সে অভাবগ্রস্তকে খাদ্যদানে উৎসাহ প্রদান করে না। [1]

[1] এ কর্মও তারাই করবে, যাদের মধ্যে উক্ত গুণসমূহ বিদ্যমান থাকবে। নচেৎ এও এতীমের মত মিসকীনদেরকেও রূঢ়ভাবে তাড়িয়ে দেবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6200

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন